

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 শিক্ষা মন্ত্রণালয়  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
 শৃঙ্খলা বিষয়ক শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.২.২০১৮. ৮/১)

তারিখ:

০৭ দিসেম্বর ১৪৩০ বঙাব্দ  
২০ দ্বিত্তীয়া বি ২০২৪ খ্রি.

অফিস আদেশ

যেহেতু, ড. মুহাম্মদ মাকছুদুর রহমান, সহযোগী অধ্যাপক (ইসলাম শিক্ষা), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে ঢাকার, মোহাম্মদপুর থানার মামলা নং-১১৮ তারিখ ৩০/০৮/২০১, জি/আর নং-৭৯৩/২০১৭ ধারা ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(১)(ক)১৫(৩) দায়েরের প্রেক্ষিতে ৩০/০৮/২০১৭ তারিখে বিজ্ঞ বিচারক তাঁকে জেল হাজতে প্রেরণ করেন এবং বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরান্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী তাঁকে ৩০/০৮/২০১৭ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, বিজ্ঞ বিচারিক আদালত, ১০ নং মহানগর বিশেষ ট্রাইবুনাল, ঢাকা তাঁকে বিচার শেষে উক্ত মামলার দায় হতে বেকসুর খালাস প্রদান করেন;

সেহেতু, ড. মুহাম্মদ মাকছুদুর রহমান, সহযোগী অধ্যাপক (ইসলাম শিক্ষা), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর সাময়িক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাঁকে সরকারি চাকুরিতে পুনর্বাহল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
 স্বাক্ষরিত/-  
 (সোলেমান খান)  
 সচিব


নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২.২০১৮. ৮/১/২(৫)

তারিখ:

০৭ দিসেম্বর ১৪৩০ বঙাব্দ  
২০ দ্বিত্তীয়া বি ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ড. মুহাম্মদ মাকছুদুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....।
- ৮। ড. মুহাম্মদ মাকছুদুর রহমান, সহযোগী অধ্যাপক (ইসলাম শিক্ষা), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।

  
 ২০/০২/২০২৮  
 (মো: শাহিনুর ইসলাম)  
 উপসচিব